



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.৩১.০১১.১২-১২৯৯/১

তারিখ: ১৪ ভাদ্র ১৪৩০
২৯ আগস্ট ২০২০

বিষয়: কুষ্টিয়া পৌরসভার মালিকানাধীন ভূমি ও ব্যক্তি মালিকানাধীন ভূমি পারস্পরিক বিনিময়ের প্রস্তাব সংক্রান্ত।

সূত্র : কুষ্টিয়া পৌরসভা হতে প্রাপ্ত পত্রের স্মারক নং-কুপৌ-২০২০/৩৬১৫, তারিখ: ১৭ জুলাই ২০২০।


উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে কুষ্টিয়া পৌরসভার অধিক্ষেত্রে কুষ্টিয়া-রাজবাড়ী-ঢাকা হাইওয়ের উত্তর পার্শ্বে কমরেড রওশন আলী সড়ক এর মধ্যে সংযোগ সড়ক নির্মাণকল্পে নিম্নবর্ণিত তফসিলভুক্ত উক্ত পৌরসভার মালিকানাধীন ভূমি ও ব্যক্তিমালাধীন ভূমি বিনিময়ের প্রশাসনিক অনুমোদন প্রদানের জন্য অনুরোধ জানানো হয়েছে:

পৌরসভার মালিকানাধীন ভূমি	ব্যক্তি মালিকানাধীন ভূমি
জেলা: কুষ্টিয়া, উপজেলা: সদর, মৌজা: ২১ নং কালিশংকরপুর, খতিয়ান নং-৬৭৬, আরএস দাগ নং-২৮০৮, বিনিময়ের জন্য প্রস্তাবিত ভূমির পরিমাণ: ০.০৩৯৯ একর (০.২২ একর ভূমির মধ্যে)।	জেলা: কুষ্টিয়া, উপজেলা: সদর, মৌজা: ২১ নং কালিশংকরপুর, খতিয়ান নং-৫২০৪, আরএস দাগ নং-২৮০৮, বিনিময়ের জন্য প্রস্তাবিত ভূমির পরিমাণ: ০.০৩৯৯ একর।

২। এমতাবস্থায়, কুষ্টিয়া পৌরসভার মালিকানাধীন ভূমি ও ব্যক্তিগত মালিকানাধীন ভূমি পারস্পরিক বিনিময়ের প্রস্তাব সরেজমিন তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

তদন্তে বিচার্য বিষয়:

- (১) জনস্বার্থ ও পৌরসভার স্বার্থ বিবেচনায় প্রস্তাবিত সড়ক নির্মাণ জরুরি প্রয়োজন কিনা?
- (২) বিনিময়ের জন্য প্রস্তাবিত ভূমিসমূহের মালিকানার তথ্য যাচাই;
- (৩) প্রস্তাবিত উভয় ভূমির সরকারি মৌজা মূল্য;
- (৪) পৌরসভার মালিকানাধীন মোট ০.২২ একর ভূমির বর্তমান ব্যবহার ও ভূমির পারস্পরিক বিনিময়ের ফলে উক্ত ভূমির ব্যবহারে কোন প্রভাব পড়বে কিনা?


মোঃ আব্দুর রহমান
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২

ইমেইল: lqpaura1@lgd.gov.bd

উপ-পরিচালক
স্থানীয় সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
কুষ্টিয়া

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মেয়র, কুষ্টিয়া পৌরসভা, কুষ্টিয়া
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)